

আওয়ামী লীগ অস্ট্রেলিয়া'র গৌরবময় বিজয় দিবস উদযাপন



সোনার বাংলা রিপোর্ট ঃ বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা গত ২৩ ডিসেম্বর, রোববার আয়োজন করেছিলো গৌরবময় বিজয় দিবসের আলোচনা সভার। রোজবেরীস্থ গ্রীণ স্কয়ার কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত এই সভাতে উপস্থিত ছিলেন আওয়ামী ঘরানার নেতা কর্মী ছাড়াও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রবাসী লেখক, সাংবাদিক, শিল্পী সহ বিভিন্ন স্তরের মানুষ। গৌরবময় মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিটি নীরবতা পালনের ভেতর দিয়ে আনুষ্ঠানিক ভাবে শুরু হয় আলোচনা পর্ব।

আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার সহসভাপতি জামালউদ্দীন আহমদের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ব্যারিস্টার সিরাজুল হকের পরিচালনায় বিজয় দিবসের এ আলোচনা সভায় বক্তব্য রাখেন বঙ্গবন্ধু পরিষদ একাংশের আহ্বায়ক ড. রফিকুল ইসলাম, বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার একাংশের সহ সভাপতি শেখ শামীমুল হক, বাংলাদেশ এসোসিয়েশনের একাংশের সভাপতি রবিন বনিক, সোনার বাংলা সম্পাদক পি এস চুন্সু, বাসভূমি সম্পাদক আকিদুল ইসলাম, মাইনোরিটি ফোরামের সভাপতি সমীর সরকার, বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার একাংশের সাধারণ সম্পাদক হারুন অর রশীদ, বিদেশ বাংলা টিভির পরিচালক রহমত উল্লাহ, সাবেক ছাত্রনেতা ইফতেখার উদ্দিন ইফতু, বাংলাদেশ পূজা এসোসিয়েশনের সভাপতি অসিত রায়, আওয়ামীগ অস্ট্রেলিয়া শাখার সহ সভাপতি কামরুল হুসাইন নীলু, আওয়ামীলীগ নেতা আব্দুল জলিল, ঘাতক দালাল নির্মূল কমিটি নেতা মুজিবুর রহমান, বঙ্গবন্ধু পরিষদ নেতা ড. রতন লাল কুন্সু, বাংলাদেশ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক গিয়াস মোল্লা, ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের সভাপতি শাহ আলম সৈয়দ, সাবেক ছাত্রনেতা শামীম বাবুল প্রমুখ। বক্তারা বাংলাদেশের যুদ্ধাপরাধীদের বিচারের দাবীতে বৃহত্তর আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান এবং এব্যাপারে প্রবাসীদের ভূমিকাটি তুলে ধরেন। স্বাধীনতার ৩৬ বছর পরও স্বাধীনতার সুফল কেন প্রতিটি বাঙালির ঘরে পৌঁছেনি সে ব্যাপারেও তারা দীর্ঘ আলোকপাত করেন।

সাম্প্রতিককালে সিডনিতে বাংলাদেশ আওয়ামীগ অস্ট্রেলিয়া শাখাকে বিলুপ্ত ঘোষণা করে যে আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে বক্তারা তার নিন্দা করে বলেন, যারা এই কাজটি করেছে তারা প্রকৃত পক্ষে বঙ্গবন্ধুর আদর্শের মানুষ কিনা তাতে সন্দেহ আছে। এছাড়া কোন আওয়ামী প্রেমী দলীয় নেত্রীকে জেলে রেখে এমন ভাঙনের খেলায় মাততে পারেনা। বক্তারা বলেন, আজ আওয়ামী লীগকে ধ্বংস করতে দেশে এবং বিদেশে

ষড়যন্ত্র চলছে। যখন জননেত্রী শেখ হাসিনার বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে কারাগারের ভেতরে প্রহসনের বিচার করে তাকে এবং আওয়ামী লীগকে নিশ্চিহ্ন করার ঘৃণ্য পরিকল্পনা চলছে। ঠিক এই মুহূর্তে আমাদের সকলের প্রয়োজন সম্মিলিত ভাবে জননেত্রীর মুক্তি আন্দোলনকে আরও বেগবান করা। যারা সেই আন্দোলনকে পাশ কাটিয়ে আওয়ামী লীগের শক্তিকে বিভক্ত করছে তারা এই সরকারেরই এজেন্ট হিসেবে কাজ করছে বলে আমরা মনে করি। বঙ্গারা এই বিভক্তির পথ পরিহার করে মূলধারার আন্দোলনের সঙ্গে সকলকে একাত্মতা ঘোষণা করার আহবান জানান।